

একই স্বাক্ষর ও তারিখের প্রতিস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৬।

০১ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ

নং-২৪.০২.০০০০.০০১.০১.০০৬.১৫-৮৯৩

তারিখ : -----

১৫ জুন ২০১৬ খ্রি:

বিষয় : বস্ত্র পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম পুনর্গঠন প্রসংগে।

সরকারের বিধোষিত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-২০১৫ অর্থ বছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয় এবং ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হয়। পরবর্তীতে ২০১৫-২০১৬ অর্থ বছরে ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্মারকিত হয়েছে।

২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের পাশাপাশি বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ে কার্যালয়সমূহের সঙ্গেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণ মন্ত্রণালয়/বিভাগের সচিবের সঙ্গে এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ে কার্যালয়সমূহের প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত “দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা, ২০১৬-১৭” এর ক্রমিক ৫. বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি ২০১৬-১৭ তে বর্ণিত বিষয় ‘দপ্তর/সংস্থার কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম গঠন ‘সময়সীমা ২৮ এপ্রিল, ২০১৬’ এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ‘দপ্তর/সংস্থা’ নির্ধারিত রয়েছে। উক্ত নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র পরিদপ্তরের ০৮/৫/২০১৬ তারিখের নং-২৪.০২.০০০০.০০১.০১.০০৬.১৫-৬৯১ নম্বর স্মারক অনুযায়ী গঠিত কমিটি বাতিল করত: নিম্নলিখিত কর্মকর্তা-কর্মচারী সমন্বয়ে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা কমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো।

| ক্র: নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | ফোন/মোবাইল/ই-মেইল |
|---------|---|--------------|---|
| ১। | জনাব মো: আব্দুর রহমান উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান) | আহবায়ক | ফোন: ৯৮১৮৯০১৪ মোবাইল: ০১৭২২৫২১৫৪৯ ই-মেইল-adsurveydot@yahoo.com |
| ২। | জনাব মাহমুদ হাসান উচ্চমান সহকারী | সদস্য | মোবাইল: ০১৯১৪৭৭২৫১৫ |
| ৩। | জনাব গিয়াস উদ্দিন পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য সচিব | ফোন: ৮১৮৯১৩৪ মোবাইল: ০১৮১৮৮৪২৮৪৮ ই-মেইল-giasuddin1384@gmail.com |

গঠিত কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত “দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা ২০১৬-১৭” অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করবেন।



(লোয়লা ইয়াফির)

উপ-পরিচালক(প্রশা:)(অ:দা:)
পরিচালক, বস্ত্র পরিদপ্তরের পক্ষে।

বিতরণ :

- ১। জনাব মো: সাইফুর রহমান, উপ-পরিচালক (কারিগরি), বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
- ২। জনাব মো: আব্দুর রহমান, উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান), বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
- ৩। জনাব গিয়াস উদ্দিন, পরিসংখ্যান কর্মকর্তা, বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
- ৪। জনাব মাহমুদ হাসান, উচ্চমান সহকারী, বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
- ৫। জনাব মো: সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, বস্ত্র পরিদপ্তর, ঢাকা।